সংবাদ

তারিখ 05 FEB 2007
পৃষ্ঠা ১০ কলাম ৪

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

# সরস্বতী পূজার ৮০ হাজার টাকা মেরে দিয়েছে ছাত্রদল ছাত্রলীগ নেতারা

**জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সরস্বতী পূজার প্রায় ৮০ হাজার টাকা মেরে দিয়েছে ছাত্র নেতারা। এ নিয়ে বিশ্ববিদ্যালয়ের সাধারন শিক্ষার্থীদের মধ্যে প্রচণ্ড ক্ষোভ বিরাজ করছে।

জানা যায়, এক সপ্তাহ আগে সরস্বতী পূজা উদযাপন উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক লাখ ১০ হাজার টাকা বরাদ্দ করে; কিন্তু এ টাকার মাত্র ৩০ হাজার টাকা পায় পূজা উদযাপনের সঙ্গে জড়িত হিন্দু ধর্মাবলম্বী শিক্ষার্থীরা। বাকি ৮০ হাজার টাকা ছাত্রদল ও ছাত্রলীগের নেতারা ভাগবাটোয়ারা করে নিয়েছে বলে জানা গেছে। এ খবর প্রকাশ হয়ে পড়লে সাধারণ ছাত্রছাত্রীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়।

পূজা উদযাপনের সঙ্গে জড়িত হিন্দু ধর্মাবলম্বী শিক্ষার্থীরা জানায়, আমরাও শুনেছি পূজার জন্য এক লাখ ১০ হাজার টাকা বরাদ্দ হয়েছে; কিন্তু বাকি ৮০ হাজার টাকা কোথায় গেল তা তারা জানেন না বলে জানান।